



## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০

[www.dhakasouthcity.gov.bd](http://www.dhakasouthcity.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

“সময়মত পৌরকর পরিশোধ করুন”

“আপনার শহর পরিচ্ছন্ন রাখুন”

### ব্যবসা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে প্রদর্শিত বিজ্ঞাপন ইত্যাদি বাংলায় লিখন সংক্রান্ত

### পুনঃ গণবিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন নিশ্চিত করার লক্ষ্যে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী উপর্যুক্ত সকল প্রতিষ্ঠানের (দুটাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে বিভিন্ন পণ্যের প্রদর্শিত বিজ্ঞাপন ইত্যাদি বাংলায় লিখা বাধ্যতামূলক।

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন প্রতিষ্ঠানের নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে প্রদর্শিত পণ্যের বিজ্ঞাপন ইত্যাদি ইংরেজি ও অন্যান্য বিদেশি ভাষায় লেখা রয়েছে।

এ অবস্থায়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার যে সকল প্রতিষ্ঠানের (দুটাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে বিভিন্ন পণ্যের প্রদর্শিত বিজ্ঞাপন ইত্যাদি বাংলা ভাষায় লিখা হয়নি, সেগুলো অন্তিবিলম্বে নিজস্ব ব্যবহারপনায় অপসারণ করে ২০ ফেব্রুয়ারী, ২০১৮ এর মধ্যে বাংলায় লিখে প্রতিস্থাপন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/মালিকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

স্মারক নং:- ৪৮৫৬৫৫৭, ০০০.০৮.০৪.৭২৪.২০১৪/১১১

তারিখঃ ০৮/১/১৫০১৬।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় প্রধান (সকল).....
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১/২/৩/৪/৫।
- ৩। মেয়র মহোদয় এঁর একান্ত সচিব (মেয়র মহোদয় এঁর সদয় অবগতির জন্য)।
- ৪। প্রধান জনসংযোগ কর্মকর্তা {তিনি বহুল প্রচারিত ৩ (তিনি) টি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রচারের ব্যবস্থা করবেন}।
- ৫। সিস্টেম এনালিস্ট (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সহকারী সচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা-১।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় এঁর সদয় অবগতির জন্য)।
- ৮। সচিবের ব্যক্তিগত সহকারী।
- ৯। শাখা সহকারী, প্রশাসন।
- ১০। অফিস আদেশ বই।
- ১১। অফিস কপি (নথি নং ৪৬.২০৭.০০০.০৩.০৪.৭৫৪.২০১৪, তারিখ ৪/২২/৫/২০১৪ খ্রি)।

মুক্তিপ্রাপ্ত  
সচিবপ্রাপ্ত

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।